**AKASHVANI**

**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**সান্ধ্যকালীন আঞ্চলিক সংবাদ**

**22 JUNE 2025** **7:45 PM IST**

==========================================

ও এন জি সি শিবসাগর ভাটিয়াপারের রীগ থেকে গ্যাস নির্গমন নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে অগ্রগতি লাভ করেছে বলে প্রকাশ করেছে ।গত ১১ দিন থেকে গ্যাস নির্গমন সম্পর্কে প্রতিষ্ঠানটির প্রবন্ধক কে এন সাংমা সাংবাদিকদের জানান যে সুরক্ষার সব নিয়ম মেনে গ্যাস নিয়ন্ত্রণ করার প্রয়াস করা হচ্ছে । তিনি বলেন যে ভারত এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল ঘটনাস্থলে কাজ করে যাচ্ছে ।পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পরবর্তী কেপিং অভিযানের জন্য রীগটি প্রস্তুত করা হয়েছে ।গ্যাস নির্গমন কখন নিয়ন্ত্রণে আসবে সেই সম্পর্কে এখনো নিশ্চিত কিছু বলা যাচ্ছেনা বলে তিনি জানান ।উল্লেখ্য আমেরিকা যুক্তরাষ্ট্রের বিশেষজ্ঞ দল গতকাল গ্যাস নির্গমন স্থলের পরিস্থিতিতির প্রারম্ভিক মূল্যায়ন করে এবং ও এন জি সির গ্রহণ করা ব্যবস্থার পর্যালোচনা করে এছাড়া গ্যাস নির্গমন নিয়ন্ত্রনের জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ করেছে

।ভাটিয়াপারের বর্তমান পরিস্থিতি সম্পর্কে আকাশবাণীর সংবাদদাতা জানান ------

ভয়েস

---

অপারেশন সিন্দুরের অধীনে এ পর্যন্ত ১ হাজার ১শো ১৭ জন ভারতীয় নাগরিককে ইরান থেকে দেশে ফেরৎ আনা হয়েছে । কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের জারী করা এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে ইরানের মাশ্বাদর থেকে গত রাতে নতুন দিল্লীতে অবতরণ করা একটি বিশেষ বিমানের মাধ্যমে ২শো ৯০ জন ভারতীয় নাগরিককে স্বদেশে ফিরিয়ে আনা হয়েছে ।

---

গৌহাটী হাইকোর্টের এক খন্ড বিচারপীঠের ৪৯ জন গ্যাজেটেড আধিকারীককের চাকুরীতে পুনরবহালের রায়কে দূর্ভাগ্যজনক আখ্যা দিয়ে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই রায়ের বিরুদ্ধে সুপ্রীমকোর্টে আবেদন দাখিল করা হবে বলে জানান ।রাজ্যে সম্প্রতি স্বচ্ছতা ও মেধার ভিত্তিতে ১০০ শতাংশ নিযুক্তি প্রক্রিয়া অব্যাহত রয়েছে বলে উল্লেখ করে খন্ড বিচারপীঠের এই রায়দান যুবক যুবতিদেরকে হতাশ করবে বলে  গতকাল তিনি সাংবাদিকদের জানান ।উল্লেখ্য গৌহাটী হাইকোর্টের খন্ডবিচারপীঠ সম্প্রতি আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়ম মামলায় বরখাস্থ ৪৯ জন সরকারী আধিকারীককে চাকুরীতে বহাল রাখার রায়দান করে ।

---

রাজ্যে অপরাধের হার ক্রমশ হ্রাস পাওয়া সহ অভিযোগনামা দাখিলের হার বৃদ্ধি পেয়েছে ।সম্প্রতি আসাম পুলিশের তৎপরতার জন্য দোষী সাব্যস্ত করার প্রক্রিয়াও বৃদ্ধি পেয়েছে ।পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিংয়ের পৌরহিত্যে গতকাল রাজ্য পুলিশের মুখ্য কার্যালয়ে অনুষ্ঠিত আসাম পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা বৈঠকে এই তথ্য প্রকাশ করা হয় ।বৈঠকে জানানো হয় যে চলতি বছরের মে’ মাস পর্যন্ত রাজ্যে প্রতি লক্ষ লোকের বিপরীতে মামলার সংখ্যা ১২৭ দশমিক ৬ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে । এই সময়ে অপরাধির বিরুদ্ধে অভিযোগনামা দাখিলের হার ৭৭ দশমিক ৫-৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেলের অধীনে ১০০ শতাংস রেলপথ বৈদ্যুতিকরণ সম্পূর্ণ হওয়ার পথে অগ্রসর হচ্ছে বলে সীমান্ত রেলের মুখ্য জনসম্পর্ক আধিকারীক কপিঞ্জল কিশোর শর্মা জানান ।সীমান্ত রেলের মুখ্য বৈদ্যুতিক বাস্তুকার সন্দীপ কুমার সম্প্রতি সমগ্র অঞ্চলটির নতুনকরে বৈদ্যুতিকরণ হওয়া তিনটি অংশ নিয়ম অনুযায়ি নিরিক্ষণ সম্পূর্ণ করেছেন । এই নিরিক্ষণের সময় বিদ্যুৎ ব্যবহারের দ্বারাআ বানিজ্যিক রেল সেবার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি এবং সুরক্ষ সুনিশ্চিত করার বিষয়টির ওপর বিশেষভাবে লক্ষ্য রাখা হয়েছে ।শ্রী কুমার লামডিং ডিভিশনের অধিনের নতুনকরে বৈদ্যুতিকরণ হওয়া ৪৪ কিলোমিটার রেলপথ ও নিরিক্ষণ করেন ।

মিজোরামে আসাম রাইফেলস ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থা যৌথ অভিযান চালিয়ে দুই মহিলা সহ ৫ জন মাদক পাচারকারীকে গ্রেপ্তার করা সহ প্রায় সাড়ে ১১ কোটি টাকা মূল্যের মাদকদ্রব্য জব্দ করেছে । রাজ্যের প্রতিরক্ষা মন্ত্রনালয়ের জনৈক মুখপাত্র জানিয়েছেন যে মিজোরামের ভাসেইকাই থেকে লুংলেই পর্যন্ত মাদক পরিবহণ সম্পর্কীত নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে লুংলেই জেলায় একটি এরিয়া ডমিনেশন পার্টি ( এ-ডি-পি ) মোতায়ন করা হয় । এই এ-ডি-পি একটি সন্দেহভাজন গাড়িকে আটক করে প্রায় সাড়ে দশ কোটি টাকা মূল্যের মাদকদ্রব্য বাজেয়াপ্ত করে । অন্য দুটি পৃথক অভিযানে আসাম রাইফেলসের জওয়ানরা একটি স্থান থেকে প্রায় ৮১ লক্ষ টাকা মূল্যের বিদেশে তৈরী সিগারেট এবং মিজোরামের চাম্পাই জেলা থেকে সন্দেহভাজন তিন ব্যাক্তিকে গ্রেপ্তার করা সহ প্রায় ২৯ লক্ষ টাকার হেরোইন জব্দ করে ।

---

কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা ( ই-পি-এফ-ও ) চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত ১৯ লক্ষের অধিক সদস্যকে তাদের সংস্থায় অর্ন্তভুক্ত করেছে । এই বৃদ্ধি হচ্ছে আগের মাসের তুলনায় ৩১ দশমিক ৩১ শতাংশ । কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রনালয়ের তথ্য অনুসারে নতুন সদস্যদের মধ্যে ২ লক্ষের অধিক মহিলা সদস্য অর্ন্তভুক্ত হয়েছেন ।

গৌহাটি নীলাচল পাহাড়ে অবস্থিত শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আজ থেকে অম্বুবাচী মহাযোগ আরম্ভ হয়েছে । আজ দুপুর ২টো ৫৬ মিনিটে অম্বুবাচীর প্রবৃত্তির সঙ্গে সঙ্গে ৩ দিনের জন্য কামাখ্যা মন্দিরের দুয়ার বন্ধ করে দেওয়া হয় । ২৬ জুন নিবৃত্তির সঙ্গে সঙ্গে দেবীস্নান এবং নিত্য পূজা সমাপনের পর ভক্তদের জন্য মন্দিরের দুয়ার খোলা হবে । আজ মা কামাখ্যার দুয়ার বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে ভক্ত , সাধু-সন্ন্যাসীরা দেবীর আরাধনায় ব্রত হন । ইতিমধ্যেই দেশ-বিদেশের হাজার হাজার ভক্ত সমাগমে কামাখ্যা মন্দিরে আনন্দ উল্লাস পরিস্থিতির সৃষ্টি হয়েছে । অম্বুবাচী  অম্বুবাচী মহাযোগ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য কামরূপ মহানগর জেলা প্রশাসন , পুলিশ ও কামাখ্যা মন্দির কর্তৃপক্ষ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । এই অনুসারে দুয়ার খোলার দুদিন অর্থাৎ ২৬ এবং ২৭ জুন ৫০১ টাকার বিশেষ টিকিটের ব্যবস্থা বন্ধ থাকবে । অনুরূপভাবে ভি-আই-পি , ভি-ভি-আই-পির জন্যও কোন ধরণের পাসের ব্যবস্থা থাকবে না । অন্যদিকে আইন-শৃঙ্খলা তথা তীর্থযাত্রী এবং ভক্তদের সুরক্ষার জন্য মন্দির প্রাঙ্গনে ১২০ জন স্থায়ী সুরক্ষা কর্মী , ৪শো জন স্কাউট গাইড ১৫০ জন স্বেচ্ছাসেবক , ২৫০ জন অস্থায়ী সুরক্ষা কর্মী নিয়োগ করা হয়েছে । দেবালয়ের চারপাশে ৫শোটি সি-সি-টি-ভি কেমেরা স্থাপন করা হয়েছে । অন্যদিকে পুলিশ প্রশাসনের জারী করা নির্দেশ অনুসারে সন্ধ্যা ৬টার পর ভক্তরা নীলাচল পাহাড়ে প্রবেশ করতে পারবেন না ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল উন্নত যাত্রী রেল পরিষেবা প্রদানের জন্য আগামী পয়লা জুলাই থেকে সীমান্ত রেলের অধীনে থাকা তিনটি ট্রেনে স্থায়ীভাবে অতিরিক্ত  কোচ এবং অন্য একটি ট্রেনে অস্থায়ীভাবে অতিরিক্ত কোচ লাগানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে । সীমান্ত রেল সূত্রে

জানানো হয়েছে যে গুয়াহাটী - যোরহাট জন শতাব্দী এক্সপ্রেস , হাওড়া-নিউ জলপাইগুড়ি শতাব্দী এক্সপ্রেস , আলিপুরদূয়ার-শিলঘাট রাজ্য রাণী এক্সপ্রেস ট্রেনে স্থায়ীভাবে অতিরিক্ত কোচ এবং কাটিহার-পাটনা ইন্টারসিটি এক্সপ্রেসে অস্থায়ীভাবে  অতিরিক্ত কোচ সংযোজন আরো এক বছরের জন্য বাড়ানো হয়েছে ।

---

সংস্কার ভারতীর হাইলাকান্দি জেলা সমিতি ও হাইলাকান্দি সংগীত মহাবিদ্যালয়ের যৌথ উদ্যোগে এবং রামকৃষ্ণ সেবা সমিতির সহযোগীতায় দু দিনের নৃত্য কর্মশালা আজ শেষ হয়েছে । রামকৃষ্ণ সেবা সমিতির প্রাঙ্গনে আয়োজিত এই নৃত্য কর্মশালায়  প্রায় ১২০ জন ছাত্রী অংশগ্রহন করে । কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ডক্টর সুমিত বসু ।

---

সামাজিক ,  সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠন খোঁজ-এর উদ্যোগে সোনাই নিত্য গোপাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় বন তারাপুর ক্লাব এক শূন্য গোলে টুংগ্লিপার একাদশ দলকে পরাজিত করেছে । ম্যাচের আগে খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন জেলা দলের হকি খেলোয়াড়  বাবু লস্কর , এ্যাথলিট মরম আলী মজুমদার এবং খোঁজ এর পক্ষ থেকে সজল লস্কর প্রমূখ ।

==========================================